रेलवे भर्ती बोर्ड | RAILWAY RECRUITMENT BOARD
सीईएन ०१/२०२६ सहायक लोको पायलट (एएलपी) के पद पर भर्ती
CEN 01/2026 Recruitment of Assistant Loco Pilot (ALP)

Test Date	04/11/2026
Test Time	9:00 AM - 10:00 AM
Subject	RRB ALP 2026 CBT 1

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB ALP**

Q.1 E, F, G, H, W, X এবং Y—এই সাতজন ব্যক্তি একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে কেন্দ্রের দিকে মুখ করে বসে আছেন। E বসে আছেন X এর বামদিকে চতুর্থ স্থানে। H এর বামদিক থেকে গণনা করলে H ও G এর মাঝে মাত্র দু'জন ব্যক্তি বসেন। F বসে আছেন Y এর বামদিকে তৃতীয় স্থানে। W বসে আছেন Y এবং G উভয়েরই ঠিক পাশে। W এর ডানদিকে চতুর্থ স্থানে কে বসে আছেন?

Ans
✗ A. F
✗ B. G
✗ C. E
✓ D. H

Q.2 সাহিল A বিন্দু থেকে যাত্রা শুরু করে পশ্চিম দিকে 14 km গাড়ি চালায়। এরপর সে ডানদিকে বাঁক নিয়ে 10 km, আবার ডানদিকে বাঁক নিয়ে 17 km গাড়ি চালায়। তারপর সে ডানদিকে বাঁক নিয়ে 15 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 3 km গাড়ি চালিয়ে P বিন্দুতে থামে। A বিন্দুতে পুনরায় পৌঁছানোর জন্য তাকে কত দূরত্ব (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
✗ A. 6 km উত্তরে
✓ B. 5 km উত্তরে
✗ C. 7 km দক্ষিণে
✗ D. 6 km দক্ষিণে

Q.3 $\tan^4\theta + (2 - \sec^2\theta)\tan^2\theta + 2 - \sec^2\theta$ এর মান কত?

Ans
✗ A. −1
✗ B. 2
✗ C. 0
✓ D. 1

Q.4 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
4 12 23 31 42 50 ?

Ans
✓ A. 61
✗ B. 63
✗ C. 58
✗ D. 54

Q.5 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।
XZC–EGJ
MOR–TVY

Ans
- ✔ A. LNQ–SUX
- ✘ B. LNQ–RUW
- ✘ C. LMO–SUX
- ✘ D. LMO–RTW

Q.6 CHAPTER শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
- ✘ A. তিনটি
- ✔ B. একটিও না
- ✘ C. দুটি
- ✘ D. একটি

Q.7 P, Q, R, S, T, U এবং V এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। শুক্রবার V এর পরীক্ষা আছে। V এবং S এর মাঝে মাত্র দু'জনের পরীক্ষা আছে। T এর ঠিক পরের দিন S এর পরীক্ষা আছে। U এর ঠিক পরের দিন R এর পরীক্ষা আছে কিন্তু সেটি বৃহস্পতিবার নয়। Q এর পরীক্ষা হল P এর ঠিক পরের দিন কিন্তু U এর আগে। বৃহস্পতিবার কার পরীক্ষা আছে?

Ans
- ✘ A. S
- ✘ B. P
- ✘ C. R
- ✔ D. Q

Q.8 যদি '+' ও '–' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
10 ÷ 2 + 70 × 5 – 80 = ?

Ans
- ✘ A. 83
- ✘ B. 76
- ✘ C. 66
- ✔ D. 86

Q.9 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।

প্রশ্ন: কিরাত, রেয়াংশ, সামিকা, তুষার ও উর্বিকা—এই পাঁচজন ব্যক্তি 1 থেকে 5 নম্বর পর্যন্ত চিহ্নিত একটি পাঁচ ফ্লোরের ভবনের বিভিন্ন ফ্লোরে বাস করেন (1 নম্বর হলো সর্বনিম্ন এবং 5 নম্বর হলো সর্বোচ্চ ফ্লোর)। 5 নম্বর ফ্লোরে কে বাস করেন?

(I) সামিকা বাস করেন তুষারের উপরের কোনো একটি ফ্লোরে, আবার তুষার বাস করেন রেয়াংশের উপরের কোনো একটি ফ্লোরে।
(II) উর্বিকা বাস করেন সামিকার উপরের কোনো একটি ফ্লোরে এবং কিরাত বাস করেন রেয়াংশের নিচের কোনো একটি ফ্লোরে।

Ans
- ✘ A. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
- ✘ B. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
- ✘ C. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
- ✔ D. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।

Q.10 যদি '+' এর অর্থ '–' হয়, '–' এর অর্থ '×' হয়, '×' এর অর্থ '÷' হয় এবং '÷' এর অর্থ '+' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
30 – 4 ÷ 4 + 40 × 10 = ?

Ans
- ✔ A. 120
- ✘ B. 124
- ✘ C. 118
- ✘ D. 122

Q.11 ওয়াশিং সোডা তৈরির প্রক্রিয়ায় কোন যৌগকে জলের সঙ্গে বিক্রিয়া করানো হয়?

Ans

✔ A. সোডিয়াম কার্বনেটকে জলের সঙ্গে বিক্রিয়া করানো হয়।

✘ B. সোডিয়াম ক্লোরাইডকে জলের সঙ্গে বিক্রিয়া করানো হয়।

✘ C. সোডিয়াম হাইড্রক্সাইডকে জলের সঙ্গে বিক্রিয়া করানো হয়।

✘ D. সোডিয়াম বাইকার্বনেটকে জলের সঙ্গে বিক্রিয়া করানো হয়।

Q.12 সরল করুন।

$$\frac{52^2 - 12^3}{4^3 - 16 \times 3}$$

Ans

✘ A. 72

✘ B. 66

✘ C. 57

✔ D. 61

Q.13 তড়িৎচৌম্বকীয় বর্ণালীর নিচের কোন অংশটি পৃথিবীতে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার জন্য মূলত দায়ী?

Ans

✘ A. রেডিও তরঙ্গ

✘ B. মাইক্রোওয়েভ

✔ C. দৃশ্যমান আলো

✘ D. অতিবেগুনি রশ্মির বিকিরণ

Q.14 সাতজন ব্যক্তি মোহন, নেহাল, ওজস্বী, পূজা, সুরেশ, তুষার এবং উমাঙ একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। নেহাল বসে আছে ওজস্বীর বামদিকে দ্বিতীয় স্থানে। উমাঙ বসে আছে নেহালের বামদিকে দ্বিতীয় স্থানে। তুষার বসে আছে সুরেশের ঠিক বামদিকে। মোহন এবং উমাঙ পাশাপাশি বসে নেই। মোহনের বামদিক থেকে গণনা করলে মোহন এবং উমাঙয়ের মাঝখানে কতজন ব্যক্তি বসে আছে?

Ans

✘ A. একজনও নয়

✘ B. এক

✘ C. তিন

✔ D. দুই

Q.15 একজন ব্যবসায়ী ₹40 প্রতি kg দামের 30 kg চালের সঙ্গে ₹60 প্রতি kg দামের 20 kg চাল মিশ্রিত করেন। প্রাপ্ত মিশ্রণের প্রতি kg এর গড় দাম কত?

Ans

✔ A. ₹48

✘ B. ₹52

✘ C. ₹50

✘ D. ₹45

Q.16 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'piano juice bonus' কে লেখা হয় 'ui gc fh' হিসাবে এবং 'bonus lemon judge' কে লেখা হয় 'hp ui gt' হিসাবে। ওই সাংকেতিক ভাষায় 'bonus' কে কীভাবে লেখা হবে?

Ans

✘ A. gc

✔ B. ui

✘ C. hp

✘ D. fh

Q.17 যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
43 − 16 ÷ 9 + 154 × 14 = ?

Ans

✘ A. 170

✔ B. 176

✘ C. 177

✘ D. 174

blackbook

Q.18 O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের PQ ব্যাসটি RS জ্যা এর উপর M বিন্দুতে লম্ব। Q বিন্দুটি উপবৃত্তাংশে এবং P বিন্দুটি অধিবৃত্তাংশে অবস্থিত। যদি RS = 32 cm এবং QM = 6 cm হয়, তবে PM এর দৈর্ঘ্য (cm এ) কত?

Ans

✗ A. $24\frac{2}{3}$

✗ B. $48\frac{2}{3}$

✓ C. $42\frac{2}{3}$

✗ D. $32\frac{2}{3}$

Q.19 A নির্দিষ্ট দু'টি স্টেশনের মাঝে 7 দিনে রেললাইন বসাতে পারে এবং B ওই কাজটি 63 দিনে করতে পারে। C এর সহায়তায় তারা কাজটি মাত্র 6 দিনে সম্পন্ন করে। তাহলে, C একা কত দিনে কাজটি সম্পন্ন করতে পারবে?

Ans

✗ A. 128 দিনে

✗ B. 127 দিনে

✓ C. 126 দিনে

✗ D. 129 দিনে

Q.20 ধরি, AB এবং CD দু'টি সমান্তরাল রেখা, যেখানে AB রেখাটি CD রেখার উপরে অবস্থিত। ধরি, EF এবং GH হল দু'টি সমান্তরাল ছেদক, যারা AB কে যথাক্রমে P ও R বিন্দুতে এবং CD কে যথাক্রমে Q ও S বিন্দুতে ছেদ করেছে। ধরে নেওয়া যাক, E ও G বিন্দু দু'টি AB রেখার উপরে অবস্থিত, এবং F ও H বিন্দু দু'টি CD রেখার নিচে অবস্থিত। যদি ∠EPB = 2a°, ∠DSG = b° এবং ∠FQD = 80° হয়, তাহলে যথাক্রমে a এবং b এর মান নির্ণয় করুন।

Ans

✗ A. 20 এবং 80

✗ B. 40 এবং 100

✓ C. 50 এবং 100

✗ D. 40 এবং 120

Q.21 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 4 @ 7 # 2 % 9 & 1 $ 8 + 5 6

সংকেত J M P T D R W F H K A U L Q

শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন হয়, তবে দ্বিতীয় উপাদানটিকে © হিসেবে সংকেতভুক্ত করতে হবে।
(ii) যদি তৃতীয় উপাদানটি একটি চিহ্ন হয়, তবে চতুর্থ উপাদানটিকে © হিসেবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি পঞ্চম উপাদানটি একটি চিহ্ন হয়, তবে প্রথম উপাদানটিকে © হিসেবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
94#51

Ans

✗ A. WJTLH

✗ B. ©JTLH

✓ C. WJT©H

✗ D. WJTL©

Q.22 ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী DARKISH শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) তার ঠিক পরের বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) তার ঠিক আগের বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল। এভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কতগুলি বর্ণ ঠিক দু'বার উপস্থিত থাকবে?

Ans

✓ A. 1

✗ B. 0

✗ C. 3

✗ D. 2

Blackbook

Q.23 যদি $8b - \frac{1}{5b} = 8$ হয়, তাহলে $25b^2 + \frac{1}{64b^2}$ রাশিটির মান কত?

Ans
- ✗ A. $\frac{120}{7}$
- ✗ B. $\frac{7}{4}$
- ✗ C. $\frac{80}{49}$
- ✓ D. $\frac{105}{4}$

Q.24 একটি গাড়ির রেডিয়েটরে 84% অ্যান্টিফ্রিজযুক্ত একটি দ্রবণ থাকা প্রয়োজন। একজন মোটরচালকের কাছে 70% অ্যান্টিফ্রিজযুক্ত 10 লিটার দ্রবণ রয়েছে। প্রয়োজনীয় 84% অ্যান্টিফ্রিজের দ্রবণটি তৈরি করতে তাকে ওই দ্রবণে কত লিটার (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্ন মান) 95% অ্যান্টিফ্রিজযুক্ত তরল মেশাতে হবে?

Ans
- ✗ A. 10.34
- ✓ B. 12.73
- ✗ C. 18.61
- ✗ D. 15.38

Q.25 নিম্নোক্ত কোনটি গণনার মাধ্যমে বেগ-সময় লেখচিত্র থেকে দু'টি নির্দিষ্ট সময়ের মধ্যে একটি বস্তুর সরণ নির্ধারণ করা যায়?

Ans
- ✗ A. লেখচিত্রটির দৈর্ঘ্য
- ✗ B. লেখচিত্রটির নতি
- ✗ C. বেগ অক্ষের ছেদবিন্দু
- ✓ D. লেখচিত্র এবং সময় অক্ষ দ্বারা আবদ্ধ অংশের ক্ষেত্রফল

Q.26 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
35,44,62,89,125, ?

Ans
- ✗ A. 172
- ✓ B. 170
- ✗ C. 173
- ✗ D. 171

Q.27 একজন দোকানদার ₹100 তে একটি কলম কিনে ₹150 তে বিক্রি করেন। তার কত শতাংশ লাভ হয়?

Ans
- ✗ A. 45%
- ✓ B. 50%
- ✗ C. 48%
- ✗ D. 40%

Q.28 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✗ A. VT–RP
- ✓ B. WU–RS
- ✗ C. US–QO
- ✗ D. NL–JH

Black book

Q.29 P, Q এবং R যথাক্রমে 2 : 3 : 5 অনুপাতে মূলধন বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করে। বার্ষিক লাভে P এর অংশ ₹4,000 হলে মোট লাভের পরিমাণ কত?

Ans

✗ A. ₹18,000

✗ B. ₹15,000

✓ C. ₹20,000

✗ D. ₹25,000

Q.30 বিনায়ক A বিন্দু থেকে যাত্রা শুরু করে পূর্বদিকে 11 km গাড়ি চালায়। এরপর সে বামদিকে বাঁক নিয়ে 8 km গাড়ি চালায়। তারপর সে আবার বামদিকে বাঁক নেয় এবং 12 km গাড়ি চালায়। এরপর সে আবার বামদিকে বাঁক নিয়ে 10 km গাড়ি চালায়। সবশেষে সে বামদিকে বাঁক নিয়ে 1 km গাড়ি চালায় এবং P বিন্দুতে থামে। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূরত্ব (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans

✗ A. 3 km উত্তরে

✗ B. 1 km উত্তরে

✓ C. 2 km উত্তরে

✗ D. 4 km উত্তরে

Q.31 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) S Q A Y V Y V E R L O A J F V V A Z A A F Y (ডানদিক)
এরকম কতগুলি স্বরবর্ণ (vowel) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে এবং ঠিক পরেও একটি ব্যঞ্জনবর্ণ আছে?

Ans

✗ A. 5

✗ B. 4

✗ C. 2

✓ D. 3

Q.32 একজন ব্যক্তি বার্ষিক 8% সরল সুদের হারে 2 বছরের জন্য ₹56,500 মূলধন বিনিয়োগ করলে, 2 বছর পর তিনি কত সবৃদ্ধিমূল (₹ তে) পাবেন তা নির্ণয় করুন।

Ans

✓ A. 65,540

✗ B. 64,450

✗ C. 64,540

✗ D. 65,450

Q.33 A, B এবং C—এই তিনজন বন্ধু একটি ব্যবসায় 2:3:5 অনুপাতে বিনিয়োগ করে। যদি মোট লাভ ₹1,00,000 হয়, তবে A এর তুলনায় C কত অর্থ বেশি পাবে?

Ans

✗ A. ₹40,000

✓ B. ₹30,000

✗ C. ₹20,000

✗ D. ₹10,000

Q.34 একজন দোকানদার মোট ₹75,000 ব্যয় করে ছয়টি অনুরূপ মোবাইল ফোন কেনেন। সেগুলোর মধ্যে দু'টি মোবাইলকে তিনি মোট ₹34,000 মূল্যে বিক্রি করলেন। মোবাইল দুটি বিক্রি করে তাঁর কত শতাংশ লাভ হয়?

Ans

✗ A. 35%

✗ B. 37%

✓ C. 36%

✗ D. 39%

Q.35 ₹8,680 মূলধনকে বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদের (অর্ধবার্ষিক দেয়) হারে এক বছরের জন্য বিনিয়োগ করা হলে, অর্জিত সুদের পরিমাণ নির্ণয় করুন। (নিকটতম ₹ তে প্রকাশ করুন)।

Ans

✗ A. ₹840

✓ B. ₹890

✗ C. ₹880

✗ D. ₹850

Black Book

Q.36 GUILDER শব্দটির বর্ণগুলিকে ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী সাজানো হলো। এভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে বাম দিক থেকে চতুর্থ এবং ডান দিক থেকে প্রথম বর্ণের মাঝে ইংরেজি বর্ণমালায় কতগুলো বর্ণ রয়েছে?

Ans
- ✗ A. 10
- ✓ B. 11
- ✗ C. 14
- ✗ D. 12

Q.37 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'HATE' এর সংকেত '7856' এবং 'TEAM' এর সংকেত '7659' হয়। ওই ভাষায় 'M' এর সংকেত কী?

Ans
- ✗ A. 5
- ✗ B. 6
- ✗ C. 8
- ✓ D. 9

Q.38 প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
(বামদিক) 639 658 652 641 647 (ডানদিক)
(উদাহরণ- 697 – প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
দ্বিতীয় বৃহত্তম সংখ্যার দ্বিতীয় অঙ্কটির সঙ্গে ক্ষুদ্রতম সংখ্যার তৃতীয় অঙ্কটিকে যোগ করলে যোগফল কত হবে?

Ans
- ✗ A. 16
- ✗ B. 18
- ✓ C. 14
- ✗ D. 15

Q.39 একটি নির্দিষ্ট মূলধনকে বার্ষিক 12% সুদের হারে 2 বছরের জন্য বিনিয়োগ করা হয়েছিল। মূলধনটির উপর, 2 বছর পর অর্জিত চক্রবৃদ্ধি সুদ (বার্ষিক দেয়) এবং সরল সুদের পার্থক্য যদি ₹101.76 হয়, তাহলে মূলধনের পরিমাণ (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্ন মানে) কত ছিল?

Ans
- ✗ A. ₹7,680.82
- ✗ B. ₹6,842.48
- ✗ C. ₹6,050.23
- ✓ D. ₹7,066.67

Q.40 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
YVX 9, URT 14, QNP 19, MJL 24, ?

Ans
- ✓ A. IFH 29
- ✗ B. IHF 28
- ✗ C. GFH 29
- ✗ D. IFG 28

Q.41 A, H, M, P, S, এবং V একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। H বসে আছে M এর ঠিক ডানদিকে। P এর ডানদিক থেকে গণনা করলে P এবং A এর মাঝে কেবল দু'জন ব্যক্তি বসে আছে। S এবং P পাশাপাশি বসে নেই। V বসে আছে S এর ঠিক বামদিকে। H এর বামদিক থেকে গণনা করলে H এবং V এর মাঝে কতজন ব্যক্তি বসে আছে?

Ans
- ✗ A. 4
- ✗ B. 2
- ✓ C. 3
- ✗ D. 1

Q.42 পরীক্ষাগারে একজন শিক্ষার্থী দেখতে পায় যে, বায়ু মাধ্যমের তুলনায় ইস্পাত মাধ্যমে শব্দ দ্রুত ভ্রমণ করে। মাধ্যমের কোন বৈশিষ্ট্যটি এই পর্যবেক্ষণটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

Ans
- ✔ A. মাধ্যমের ঘনত্ব এবং স্থিতিস্থাপকতা
- ✘ B. মাধ্যমের পুরুত্ব এবং রং
- ✘ C. মাধ্যমের আকৃতি এবং আকার
- ✘ D. মাধ্যমের তাপমাত্রা এবং আর্দ্রতা

Q.43 ছয়টি বাক্স A, B, F, G, H এবং I কে একে অপরের উপরে রাখা হয়েছে কিন্তু এই ক্রমেই রাখা হয়েছে এমনটা আবশ্যক নয়। শুধুমাত্র A কে রাখা হয়। এর উপরে। A এবং F এর মাঝখানে শুধুমাত্র দুটি বাক্স রাখা হয়। শুধুমাত্র G কে রাখা হয় H এর নিচে। B এবং G এর মাঝখানে কতগুলি বাক্স রাখা হয়?

Ans
- ✔ A. দুটি
- ✘ B. তিনটি
- ✘ C. চারটি
- ✘ D. একটি

Q.44 18 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 59 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 15 সম্পর্কিত 50 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 12 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✘ A. 45
- ✔ B. 41
- ✘ C. 32
- ✘ D. 36

Q.45 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।

QRU–TUX
STW–VWZ

Ans
- ✘ A. GGI–IJM
- ✔ B. GHK–JKN
- ✘ C. GHK–IKM
- ✘ D. GGI–JKN

Q.46 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) I X U Q T O D I R R Z I P T T D E O L I U Z (ডানদিক)
উপরের ক্রমে এরকম কতগুলি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে, যার প্রত্যেকটির ঠিক আগে একটি ব্যঞ্জনবর্ণ এবং ঠিক পরে একটি স্বরবর্ণ (vowel) আছে?

Ans
- ✘ A. 4
- ✘ B. 5
- ✔ C. 3
- ✘ D. 2

Q.47 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন:
T, N, R, K এবং I এই 5টি লাঠির মধ্যে, যাদের প্রত্যেকটির উচ্চতা ভিন্ন, কোন লাঠিটি সবচেয়ে খাটো?
বিবৃতি:
(I) K লাঠিটি I এর চেয়ে খাটো কিন্তু N এর চেয়ে লম্বা। T লাঠিটি N এর চেয়ে লম্বা।
(II) R কেবল একটি লাঠির চেয়ে লম্বা।

Ans
✔ A. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
✘ B. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✘ C. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✘ D. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

Q.48 যদি 7-অঙ্কবিশিষ্ট 49A952B সংখ্যাটি 12 দ্বারা বিভাজ্য হয়, তাহলে (A + B) এর সর্বনিম্ন মান কত?

Ans
✘ A. 2
✘ B. 3
✘ C. 4
✔ D. 1

Q.49 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
VSM 15 SPO 2 PMQ -11 MJS -24 ?

Ans
✘ A. HYT -35
✘ B. JKI -34
✘ C. HKP -44
✔ D. JGU -37

Q.50 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'WHAT' কে '2789' হিসাবে এবং 'HATS' কে '1789' হিসাবে লেখা হয়। প্রদত্ত সাংকেতিক ভাষায় 'S' এর সংকেত কী হবে?

Ans
✘ A. 7
✘ B. 2
✔ C. 1
✘ D. 8

Q.51 F, A, C, I, N, G এবং S প্রত্যেকের একটি সপ্তাহের বিভিন্ন দিনে ছুটি আছে, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার শেষ হয়। কারও ছুটি নেই A এর আগে। কেবল তিনজনের ছুটি রয়েছে A এবং I এর মাঝে। কেবল একজনের ছুটি রয়েছে I এবং C এর মাঝে। F এর ছুটি রয়েছে বুধবার। N এর ছুটি রয়েছে S এর পরে কোনো এক দিন, কিন্তু G এর আগে কোনো এক দিন। সপ্তাহের কোন দিনে N এর ছুটি রয়েছে?

Ans
✔ A. বৃহস্পতিবার
✘ B. রবিবার
✘ C. সোমবার
✘ D. শনিবার

Q.52 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) O H # M N @ $ R & I Ω T £ D H R Y (ডানদিক)
এরকম কতগুলি স্বরবর্ণ (vowel) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি চিহ্ন আছে এবং ঠিক পরেও একটি চিহ্ন আছে?

Ans
✔ A. একটি
✘ B. তিনটি
✘ C. দুইটি
✘ D. একটিও নয়

blackbook

Q.53 A, B, C, D এবং E প্রত্যেকে আলাদা আলাদা নম্বর পেয়েছে। D ছিল তৃতীয় সর্বনিম্ন নম্বর প্রাপক। B এর প্রাপ্ত নম্বর C এর চেয়ে কম। E এর প্রাপ্ত নম্বর A এর চেয়ে বেশি কিন্তু B এর চেয়ে কম। কতজন ব্যক্তির প্রাপ্ত নম্বর E এর চেয়ে বেশি?

Ans

✗ A. এক

✗ B. দুই

✗ C. চার

✓ D. তিন

Q.54 আমনের বয়স তার ছেলের বয়সের তিনগুণ এবং তার মেয়ে, তার ছেলের চেয়ে 3 বছরের ছোট। যদি 3 বছর আগে এই তিনজনের বয়সের সমষ্টি 108 বছর হয়ে থাকে, তাহলে আমনের বর্তমান বয়স (বছরে) কত?

Ans

✗ A. 48

✗ B. 70

✗ C. 59

✓ D. 72

Q.55 একটি ঘণ্টা যদি একবার জলের মধ্যে এবং একবার খোলা বাতাসে বাজানো হয়, তবে এই দুই পরিস্থিতির মধ্যে শব্দের দ্রুতির কী পরিবর্তন ঘটবে—তা নিচের কোনটি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

Ans

✗ A. শব্দ বাতাসের তুলনায় জলে ধীর গতিতে চলাচল করে।

✓ B. শব্দ বাতাসের চেয়ে জলে দ্রুত চলাচল করে।

✗ C. উভয় মাধ্যমেই শব্দ সমান দ্রুতিতে চলাচল করে।

✗ D. শব্দ জলের মধ্য দিয়ে যায় না।

Q.56 cosec 43° = x হলে,

$$\left[\frac{1}{\text{cosec}^2 47^\circ} + \sin^2 43^\circ + \tan^2 47^\circ - \frac{1}{\sin^2 47^\circ \sec^2 43^\circ}\right]$$ এর মান কত?

Ans

✓ A. $x^2 - 1$

✗ B. $x^2 + 1$

✗ C. $2x + 3$

✗ D. $2x^2 - 3$

Q.57 যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
5 ÷ 2 + 8 × 4 − 5 = ?

Ans

✗ A. 22

✗ B. 20

✗ C. 18

✓ D. 13

Q.58 একটি নির্বাচনে কোনো প্রার্থী যদি মোট 2,20,000টি ভোটের 55% ভোট পেয়ে থাকেন, তাহলে তিনি মোট কত ভোট পেয়েছিলেন?

Ans

✗ A. 1,30,000

✗ B. 1,15,000

✗ C. 1,10,000

✓ D. 1,21,000

Q.59 প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
(বামদিক) 956 587 124 963 248 (ডানদিক)
(উদাহরণ: 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
দ্রষ্টব্য: সকল কার্যক্রম বামদিক থেকে ডানদিকে সম্পাদন করতে হবে।

বৃহত্তম সংখ্যার দ্বিতীয় অঙ্কের সাথে ক্ষুদ্রতম সংখ্যার তৃতীয় অঙ্ক যোগ করলে ফলাফল কী হবে?

Ans
- ✗ A. 9
- ✓ B. 10
- ✗ C. 12
- ✗ D. 7

Q.60 30 cm ব্যাস এবং 49 cm উচ্চতা বিশিষ্ট একটি চোঙের আয়তন কত?

$$\pi = \frac{22}{7}$$

Ans
- ✓ A. 34650 cm^3
- ✗ B. 34569 cm^3
- ✗ C. 34606 cm^3
- ✗ D. 34725 cm^3

Q.61 সরল করুন।

$$3 - \sqrt{5} + \frac{1}{\sqrt{5} - \sqrt{3}} + \frac{1}{\sqrt{5} - \sqrt{3}}$$

Ans
- ✗ A. $2 + \sqrt{5}$
- ✗ B. 3
- ✗ C. $\sqrt{3} - \sqrt{5}$
- ✓ D. $3 + \sqrt{3}$

Q.62 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, MING একটি নির্দিষ্ট পদ্ধতিতে TPUN এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে OKPI সম্পর্কিত VRWP এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে JFKD নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
- ✓ A. QMRK
- ✗ B. QMJU
- ✗ C. QMKI
- ✗ D. QRHY

Q.63 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✗ A. GS - KW
- ✓ B. MQ - RU
- ✗ C. IJ - MN
- ✗ D. ZK - DO

Q.64 148 m এবং 156 m দৈর্ঘ্য বিশিষ্ট দুটি ট্রেন একে অপরের দিকে চলছে এবং তাদের গতিবেগ যথাক্রমে 17.5 m/s এবং 20.5 m/s হয়। একে অপরকে অতিক্রম করতে ট্রেন দুটির কত সময় (সেকেন্ডে) লাগবে?

Ans
- ✓ A. 8 seconds
- ✗ B. 9 seconds
- ✗ C. 10 seconds
- ✗ D. 7 seconds

Black book

Q.65 নিচের কোন উদ্ভিদ কলাটি ছিদ্রযুক্ত প্রাচীর দ্বারা প্রান্ত-সংলগ্নভাবে বিন্যস্ত দীর্ঘ ও সজীব কোশ দিয়ে গঠিত?

Ans
- ✔ A. সিভ নল
- ✘ B. ফ্লোয়েম তন্তু
- ✘ C. বাহিকা
- ✘ D. ট্র্যাকিড

Q.66 প্রদত্ত দু'টি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
14 – 25 – 75 – 90 ; 12 – 23 – 69 – 84

Ans
- ✔ A. 8 – 19 – 57 – 72
- ✘ B. 10 – 21 – 63 – 76
- ✘ C. 4 – 15 – 45 – 70
- ✘ D. 6 – 17 – 68 – 83

Q.67 C, F, J, R, N, U এবং H এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। N বৃহস্পতিবার পরীক্ষা দেয়। কেবল পাঁচজন পরীক্ষা দেয় C এর আগে। F পরীক্ষা দেয় R এর ঠিক পরে, কিন্তু বুধবার পরীক্ষা দেয় না। H পরীক্ষা দেয় U এর পরে কিন্তু J এর আগে। কতজন ব্যক্তি পরীক্ষা দেয় U এবং J এর মাঝে?

Ans
- ✘ A. চার
- ✘ B. এক
- ✘ C. দুই
- ✔ D. তিন

Q.68 311 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 330 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 426 সম্পর্কিত 445 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 115 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✘ A. 167
- ✔ B. 134
- ✘ C. 156
- ✘ D. 145

Q.69 একটি আয়তঘনকাকার কাঠের বাক্সের অভ্যন্তরীণ পরিমাপ 19.8 cm × 13.2 cm × 8.8 cm হয়। বাক্সটিকে 2.2 cm বাহুবিশিষ্ট ছোট ছোট ঘনকাকৃতি ব্লক দিয়ে সম্পূর্ণ ভর্তি করা আছে। বাক্সটি সম্পূর্ণ ভর্তি করতে মোট কতগুলি ঘনকের প্রয়োজন হবে তা নির্ণয় করুন।

Ans
- ✔ A. 216
- ✘ B. 200
- ✘ C. 256
- ✘ D. 232

Q.70 7 জন শ্রমিকের সাপ্তাহিক মজুরি (₹ তে) হল:
₹1200, ₹1300, ₹1100, ₹1400, ₹1250, ₹1350, ₹1150
মজুরিগুলির মধ্যমা নির্ণয় করুন।

Ans
- ✗ A. ₹1200
- ✗ B. ₹1350
- ✗ C. ₹1300
- ✓ D. ₹1250

Q.71 একজোড়া জুতার মুদ্রিতমূল্য ₹2000 হয়। সেলের সময় একজন দোকানদার 30% ছাড় দেন। তাহলে, ছাড়ের পরিমাণ কত?

Ans
- ✗ A. ₹700
- ✗ B. ₹800
- ✓ C. ₹600
- ✗ D. ₹500

Q.72 নিচের কোন বিবৃতিটি একটি সমসত্ত্ব মিশ্রণকে সবচেয়ে ভালভাবে বর্ণনা করে?

Ans
- ✗ A. এতে খালি চোখে দেখা যায় এমন পদার্থ থাকে
- ✓ B. সমগ্র দ্রবণটিকে দেখতে একইরকম হয় ও সংযুক্তি সর্বত্র সমান থাকে
- ✗ C. এটি এমন স্তর তৈরি করে যা সহজেই দেখা যায়
- ✗ D. বিভিন্ন স্থানে এর বিভিন্ন বৈশিষ্ট্য ও চেহারা দেখা যায়

Q.73 অবাত শ্বসনের সময় কোষের কোথায় গ্লুকোজের ভাঙ্গন ঘটে?

Ans
- ✓ A. সাইটোপ্লাজমের মধ্যে, যেখানে কোষীয় বিক্রিয়াগুলো সংঘটিত হয়
- ✗ B. মাইটোকন্ড্রিয়ায়, যা কোষের শক্তিঘর হিসেবে পরিচিত
- ✗ C. ক্লোরোপ্লাস্টে, যা সালোকসংশ্লেষের মাধ্যমে খাদ্য তৈরির জন্য দায়ী
- ✗ D. নিউক্লিয়াসের ভেতরে, যা কোষের সমস্ত কার্যকলাপ নিয়ন্ত্রণ করে

Q.74 প্রশ্নটি নিচে প্রদত্ত শব্দগুলির ভিত্তিতে তৈরি।
DIN GOD LAY DUB
প্রতিটি শব্দে, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক আগের দ্বিতীয় বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরের বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল। এভাবে গঠিত বর্ণ-গুচ্ছগুলোর মধ্যে কয়টিতে কোনো স্বরবর্ণ থাকবে না?

Ans
- ✗ A. চার
- ✓ B. এক
- ✗ C. তিন
- ✗ D. দুই

Q.75 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
514 393 293 212 148 ?

Ans
- ✓ A. 99
- ✗ B. 116
- ✗ C. 92
- ✗ D. 106

"